তাগিদ পত্র-২

ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়
বরিশাল বিভাগ, বরিশাল
www.lrb.gov.bd

ভূমিসেবা ডিজিটাল বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নং-৩১.০২.০০০০.০২৫.১০.০০২.২০.৪২২ | তারিখ : ০৮ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

বিষয় : ভূমি উন্নয়ন করের দাবি নির্ধারণ ও আদায় বিবরণী উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসে টাঙ্গিয়ে রাখা প্রসঙ্গে

সূত্র : (ক) ভূমি সংস্কার বোর্ডের জুলাই ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার (ভার্চুয়াল) সিদ্ধান্ত
(খ) অত্র কার্যালয়ের স্মারক নং: ৩১.০২.০০০০.০২৫.০২.০০৩.১৯.৯২, তারিখ: ২৯ জানুয়ারি ২০২০ খ্রিঃ
(গ) অত্র কার্যালয়ের স্মারক নং: ৩১.০২.০০০০.০২৫.০২.০০৩.২০.৩৩৩, তারিখ: ১৭ আগস্ট ২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের উন্নয়ন কার্যক্রমকে অব্যাহত রাখার অংশ হিসেবে শতভাগ ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে ভূমি উন্নয়ন করের দাবি নির্ধারণ ও আদায় বিবরণী উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসে টাঙ্গিয়ে রাখার জন্য ভূমি সংস্কার বোর্ডের নভেম্বর/২০২০ মাসের সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু অনেক উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসে ভূমি উন্নয়ন করের দাবি নির্ধারণ ও আদায় বিবরণীর বোর্ড টাঙ্গিয়ে রাখা হলেও হালসনের দাবি ও আদায় বিবরণীর লেখা হয় না।

২। এমতাবস্থায়, বিষয়টি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০১ (এক) ফর্দ

(তরফদার মো: আক্তার জামীল)
উপ-ভূমি সংস্কার কমিশনার
বরিশাল বিভাগ, বরিশাল
ফোন : ০৪৩১-৬৪৪৫৩
ই-মেইল : dlrcbarishal@lrb.gov.bd

জেলা প্রশাসক
বরিশাল/পটুয়াখালী/বরগুনা/
ভোলা/পিরোজপুর/ঝালকাঠি

দৃ: আ: অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
বরিশাল/বরগুনা/ভোলা/পটুয়াখালী/
পিরোজপুর/ঝালকাঠি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
২। সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩	অকেজো ঘোষিত গাড়ি নিলামে বিক্রি।	**সিদ্ধান্ত:** (ক) ভূমি সংস্কার বোর্ডের ঢাকা মেট্রো-খ -১৩-০০৭৩ নং গাড়িটি সচল না থাকায় অকেজো ঘোষণার নিমিত্ত বিধিমোতাবেক দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। (খ) গাড়ির স্বল্পতা থাকায় ও চলতি অর্থ বছরে গাড়ি ক্রয়ের পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় ভূমি সংস্কার বোর্ডের ঢাকা মেট্রো-খ -১৩-১১২৬ এবং উপ ভূমি সংস্কার কমিশনার কার্যালয় রাজশাহীর ঢাকা মেট্রো ঘ-১১-৩৮১০ নং গাড়ি দু'টি আপাতত অকেজো ঘোষনা না করার জন্য সচিব, ভূমি মন্ত্রণালয়কে অনুরোধ করতে হবে। (গ) নতুন গাড়ি ক্রয়ের ব্যবস্থা না নেয়া পর্যন্ত অকেজো ঘোষনা স্থগিত থাকবে।	(ক-খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-২
৪	ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক মাঠ পর্যায়ের অফিসসমূহ পরিদর্শন,	**আলোচনা:** সভায় মাঠ পর্যায়ের অফিসসমূহ নিয়মিত পরিদর্শনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। **সিদ্ধান্ত:** (ক) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার, জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) প্রমাপ অনুযায়ী যথাযথ পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখবেন। (খ) বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনারগণ তাদের পরিদর্শন প্রতিবেদসমূহ এ কার্যালয়ের পাশাপাশি মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় এর একান্ত সচিব এবং সচিব, ভূমি মন্ত্রণালয় এর একান্ত সচিবের নিকটও প্রেরণ করবেন। (গ) উপ-ভূমি সংস্কার কমিশনারগণ প্রতি মাসে একই অফিস পরিদর্শন না করে ভিন্ন ভিন্ন অফিস পরিদর্শন করবেন এবং ভূমি সংস্কার বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন। (ঘ) মাঠ পর্যায়ের সকল ক্ষেত্রে দূর্গম এলাকা পরিদর্শনে অগ্রাধিকার দিতে হবে। (ঙ) বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনার, জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর পরিদর্শন প্রতিবেদন যথাযথভাবে পরিবীক্ষণ করে ত্রুটি-বিচ্যুতিসমূহ উল্লেখপূর্বক নথিতে উপস্থাপন নিশ্চিত করতে হবে। (চ) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণ নিয়মিত শাখা পরির্দশন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবর দাখিল করবেন।	৪. (ক -ঘ) উপ-ভূমি সংস্কার কমিশনার-(সকল) ৪. (ঙ) সহকারী ভূমি সংস্কার কমিশনার ১/৩/৪/৫/৬ ৪. (চ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল)
৫	ভূমি উন্নয়ন করের সঠিক দাবী নির্ধারণ এবং আদায়	**আলোচনা:** ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ ও আদায় এবং আদায় প্রতিবেদন অনলাইনে আপডেট করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ জানান যে, অক্টোবর/২০২০ মাসের ভূমি উন্নয়ন কর আদায় হয়েছে ৬৫,০৬,০৭,০৪২/-(পঁয়ষট্টি কোটি ছয় লক্ষ সাত হাজার বিয়াল্লিশ) টাকা এবং জুলাই/২০১৯ হতে অক্টোবর/২০২০ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের পুঞ্জিভূত আদায় ১৯৯,০৮,৮৮,৫৬৮/-(একশত নিরানব্বই কোটি আট লক্ষ আটাশি হাজার পাঁচশত আটষট্টি) টাকা (পরিশিষ্ট-খ ও গ)। সিদ্ধান্ত: (ক) ২০২০-২০২১ অর্থ বছরে ভূমির ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন করের প্রকৃত দাবী নির্ধারণ পূর্বক তথ্যাদি জরুরী ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরন করতে হবে। এ বিষয়ে প্রতিবেদন প্রেরণের নিমিত্ত অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) গণকে তাগিদপত্র দিতে হবে। (খ) ভূমি উন্নয়ন কর আদায় এবং রেন্ট সার্টিফিকেট মোকদ্দমার মাসিক প্রতিবেদন অন-লাইনে আপডেট করার প্রক্রিয়া অব্যাহত রাখতে জেলা প্রশাসকগণকে অনুরোধ করতে হবে। (গ) ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় বিবরণী উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসে টাঙ্গিয়ে রাখার ব্যবস্থা নিতে হবে। (ঘ) বিভিন্ন সংস্থার ভূমি উন্নয়ন করের বকেয়া দাবী এবং চলতি অর্থ বছরের ভূমি উন্নয়ন করের হালদাবীর প্রস্তুতকৃত বিবরণীর প্রেক্ষিতে দাবী আদায়ের নিমিত্ত সংস্থার স্থানীয় প্রতিনিধিগণের সংঙ্গে বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনারগণ যোগাযোগ অব্যাহত রাখবেন। (ঙ) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে তাদের নিজ নিজ এলাকার পাশের ইউনিয়ন ভূমি অফিসে পদায়নের জন্য জেলা প্রশাসকগণকে পত্র দিতে হবে।	বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)/ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫